

‘বাংলায় অনুদিত’

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

এফই সার্কুলার নং ৩০

তারিখঃ জুলাই ২১, ২০১৪

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

রপ্তানি উন্নয়ন তহবিল (ইডিএফ) প্রসংগে।

এফই সার্কুলার নং ০৪, তারিখ ফেব্রুয়ারী ১০, ২০১৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। এ সার্কুলারের নির্দেশনা অনুযায়ী অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের মাধ্যমে উৎপাদনকারী-রপ্তানিকারকের নিকট স্থানীয়ভাবে গার্মেন্ট এক্সেসরিজ সরবরাহের জন্য বাংলাদেশ গার্মেন্ট এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন্স (বিজিএপিএমইএ)এর সদস্য প্রতিষ্ঠানগুলো বাক্স আকারে উৎপাদন উপকরণাদি আমদানির ক্ষেত্রে বৈদেশিক মুদ্রায় অর্থায়নের বিপরীতে অনুমোদিত ডিলার ব্যাংক ইডিএফ হতে সর্বোচ্চ মাঃডঃ ১ মিলিয়ন ঋণ পেতে পারে।

০২। বিজিএপিএমইএ এর সদস্য প্রতিষ্ঠানের অনুকূলে একক ঋণ সীমা মাঃডঃ ১.০০ মিলিয়ন হতে বৃদ্ধি করে মাঃডঃ ২.০০ মিলিয়নে উত্তীর্ণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এফই সার্কুলার নং ০৪, তারিখ ফেব্রুয়ারী ১০, ২০১৩ এর অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ গোলাম হায়দার)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯২